



নবজাতক পর্যবেক্ষণ (স্ক্রিনিং) ও আপনার শিশু: একটি স্বাস্থ্যকর শুরু এনে দেয় আরো সুস্বাস্থ্যকর জীবন

শীঘ্র নির্ণয় নিশ্চিত করতে পারে শীঘ্র চিকিৎসা

নতুন বা প্রত্যাশিত বাবা-মা হিসেবে, আপনার শিশুর স্বাস্থ্য আপনার কাছে গুরুত্বপূর্ণ। অধিকাংশ শিশুদের জন্মের সময় যদিও তাদেরকে সুস্থ দেখায়, কিছু কিছু ক্ষেত্রে তাদের গুরুতর স্বাস্থ্য সমস্যার ঝুঁকি থাকতে পারে, যদি তাদের কোন রোগ থেকে থাকে যা শীঘ্র নির্ণয় করে শীঘ্র চিকিৎসা না দেয়া হয়। শিশুর জীবনের শুরুটা যাতে সবচেয়ে উত্তম হয়, আপনার নবজাতক – এবং অন্তারিও অন্য প্রতিটি নবজাতকের – বিরল ও গুরুতর রোগ নির্ণয় করার পরিষ্কার সুযোগ দেয়া হবে। যেহেতু এই কিছু রোগ অন্তারিওতে জন্মারত ১,৪৩,০০০ এর মধ্যে আনুমানিক ২২৫ টি শিশুকে প্রভাবিত করে। পর্যবেক্ষণের উদ্দেশ্য শীঘ্র নির্ণয় – যাতে দ্রুত চিকিৎসা শুরু করা যায় এবং উন্নত স্বাস্থ্য অর্জন করা যায়।

নবজাতক পর্যবেক্ষণ (স্ক্রিনিং) বাধ্যতামূলক নয়। এটি প্রতিটি শিশুর জন্য যত্নের মান হিসাবে বিবেচিত এবং অত্যন্ত বাঞ্ছনীয়। আপনার শিশুর নবজাতক পর্যবেক্ষণ (স্ক্রিনিং) গ্রহন বা প্রত্যাখ্যান করার অধিকার আপনার আছে। এ ব্যাপারে আপনি হয়তো আপনার ডাক্তার, ধাত্রী বা অন্যান্য স্বাস্থ্য সেবকের সাথে আলাপ করতে চাইতে পারেন। যেসব শিশুদের এ ধরনের কোন রোগ আছে, তাদের যথাসম্ভব শীঘ্র নির্ণয় করার একমাত্র উপায় নবজাতক পর্যবেক্ষণ (স্ক্রিনিং), এবং একমাত্র এভাবেই সেসব শিশুদের ক্ষেত্রে শীঘ্র চিকিৎসার মাধ্যমে দীর্ঘস্থায়ী, গুরুতর স্বাস্থ্য সমস্যা প্রতিরোধ করা সম্ভব।

একটি ছোট পরীক্ষা, যার অনেক লাভ

স্ক্রিনিং পরীক্ষার জন্য আপনার শিশুর থেকে অল্প একটু রক্ত নমুনা নেওয়া হয়। সাধারণত শিশুর জন্মের ২৪-৪৮ ঘণ্টার মধ্যে এই নমুনাটি নেওয়া হয়, শিশুর পায়ের গোড়ালিতে একটি ছিদ্র করে, রক্ত একটি বিশেষ কাগজের কার্ডে সংগ্রহ করে। আপনাকে একটি বিস্তারিত তথ্যের চিঠি দেয়ার কথা যেখানে উপরের দিকে একটি রেফারেন্স নাম্বার থাকবে। এই নাম্বার দ্বারা আপনার শিশুর নমুনার সাথে যুক্ত করা যায়। নমুনাটি নবজাতক স্ক্রিনিং অন্তারিওতে (এন,এস,ও) পাঠানো হয় যেখানে কিছু বিরল রোগের জন্য পরীক্ষা করা হয়। নিম্ন রোগসমূহ এই কয়েকটি রোগ:

- বিপাকীয় রোগ (মেটাবলিক ডিজিজ)
- অন্তঃস্রাব রোগ (এনডক্রাইন ডিজিজ)
- সাকেল সেল রোগ (এস,সি,ডি)
- সিস্টিক ফাইব্রোসিস (সি,এফ)
- গুরুতর সম্মিলিত রোগপ্রতিরোধ করার অক্ষমতা (সিভিয়ার কম্বাইন্ড ইমিউন ডেফিসিয়েন্সি) (এস,সি,আই,ডি)

নবজাতক স্ক্রিনিং আরো পরে সংকটপূর্ণ জন্মগত হৃদরোগ (ক্রিটিকাল কঞ্জেনিটাল হার্ট ডিজিজ) (সি,সি,এইচ,ডি)। একটি দ্রুত, বেদনাহীন পরীক্ষা, যার নাম পালস অক্সিমিট্রি, শিশুর রক্তে অক্সিজেনের পরিমাণ মাপে। ফলাফল সাথেসাথেই পাওয়া যায়।

নবজাতক স্ক্রিনিং নমুনা ব্যবহার করে এন,এস,ও এবং অন্টারিও শিশু শ্রবণ প্রোগ্রাম সম্মিলিত ভাবে শ্রবণ শক্তি লোপ পাওয়ার ঝুঁকি নির্ণয় করাও প্রদান করে। এই বাড়তি পরীক্ষাটি করা হয় শ্রবণ পরীক্ষাকালীন বাবা-মা বা অভিভাবকের সম্মতি নিয়ে।

সব রোগের সম্পূর্ণ তালিকা এন,এস,ও- এর ওয়েবসাইটে পাওয়া যাবে: www.newbornscreening.on.ca

পর্যবেক্ষণের (স্ক্রিনিং) ফলাফল: উচ্চ ঝুঁকি ও কম ঝুঁকি

এই পর্যবেক্ষণটির ফলাফল বলে দিবে আপনার শিশুর এ সকল রোগ হওয়ার ঝুঁকির মাত্রা বেশি নাকি কম। কিন্তু এগুলো হ্যাঁ বা না পরীক্ষা নয় (যার অন্য নাম “ডাইয়াগনস্টিক টেস্ট” বা রোগনিদান পরীক্ষা)। কোন রোগের লক্ষণ যদি আপনার শিশুর মধ্যে কখনো বিকাশিত হয়, তাহলে আপনার শিশুর ডাক্তারের উচিৎ প্রয়োজ্য রোগনিদান পরীক্ষা করা। অনুগ্রহ করে এটাও মনে রাখবেন যে নবজাতক পর্যবেক্ষণ (স্ক্রিনিং) সব ধোরণের গুরুতর অসুস্থতা বা চিকিৎসা সমস্যা পরীক্ষা করে না।

একটি নেতিবাচক ফলাফল মানে আপনার শিশুর এগুলো কোন একটি রোগ থাকার সম্ভাবনা অত্যন্ত কম এবং কোন অনুসরণ (ফোলো-আপ) পরীক্ষা অপয়োজনীয়। স্ক্রিন করা ৯৯%-এর বেশি শিশুর ফলাফল নেতিবাচক হয়।

একটি ইতিবাচক ফলাফল মানে আপনার শিশুর এইসকল রোগের কোন একটা থাকার ঝুঁকি বেশী এবং আরো পরীক্ষা-নিরীক্ষা প্রয়োজন। তবে এর মানে এই না যে আপনার শিশুর একটি রোগ যে আছেই। এই ক্ষেত্রে নবজাতক স্ক্রিনিং অন্টারিও (নিউবর্ন স্ক্রিনিং অন্টারিও, এন,এস,ও)-এর ডাক্তাররা আপনার শিশুকে আরো পরীক্ষার জন্য বিশেষজ্ঞদের কাছে পাঠাবেন। আপনার শিশুর স্ক্রিনিং ফলাফল যদি ইতিবাচক হয়, তাহলে আপনার স্বাস্থ্যসেবক (হেলথ কেয়ার প্রভাইডার, এইচ, সি, পি) অথবা একজন বিশেষজ্ঞ আপনার সাথে যোগাযোগ করবেন। আপনার শিশুর এইচ,সি,পি (স্বাস্থ্যসেবক) যদি আপনার শিশুর সংকটপূর্ণ জন্মগত হৃদরোগ স্ক্রিনিং পরীক্ষা নিয়ে উদ্দিগ্ন হয়ে থাকেন, সেই ক্ষেত্রে স্ক্রিনিংর সময়ই আরো পরীক্ষার ব্যবস্থা নিবেন।

আপনার শিশুকে পুনরায় স্ক্রিনিং নমুনার জন্য নিয়ে আসার জন্য অনুরোধ করা হতে পারে। এরকমটি হবে যদি:

- আপনার শিশুর প্রথম নমুনা শিশুর বয়স ২৪ ঘণ্টা হওয়ার পূর্বে নেওয়া হয়েছিলো
- যথেষ্ট রক্ত নেওয়া হয়নি
- যে নমুনাটি নেওয়া হয়েছে সেটি নিম্ন মানের ছিল

পুনরায় নমুনা প্রয়োজন হলে আপনার হাসপাতাল বা ধাত্রী আপনার সাথে যোগাযোগ করবে। পুনরায় নেয়া নমুনাটি যত তাড়াতাড়ি সম্ভব ততো তাড়াতাড়ি নেওয়া গুরুত্বপূর্ণ যাতে আপনার শিশু নবজাতক স্ক্রিনিং-এর সম্পূর্ণ সুবিধা উপভোগ করতে পারে। পুনরায় নমুনার প্রয়োজন মানে এই নয় যে শিশুর কোন সমস্যা আছে।

কোন কোন শিশুদের সি,সি,এইচ,ডি স্ক্রিন পুনরায় করার প্রয়োজন হয়, কারন প্রথমটি অসম্পূর্ণ ছিল। আপনার শিশুর সি,সি,এইচ,ডি স্ক্রিন যদি অসম্পূর্ণ হয়ে থাকে, তাহলে আপনার স্বাস্থ্যসেবক বা যে হাসপাতাল স্ক্রিনিংটি করেছিল তাদের কেউ আপনার সাথে যোগাযোগ করে, পরবর্তী পদক্ষেপ সম্পর্কে জানাবে।

ফলাফল অন্টারিও ল্যাবরেটরিজ ইনফর্মেশন সিস্টেম (অ,এল,আই,এস)-এর মাধ্যমে, ডাকে বা বৈদ্যুতিন ভাবে, হাসপাতাল বা স্বাস্থ্যসেবক -এর কাছে পৌঁছায়। আপনার শিশুর স্বাস্থ্যসেবক অ,এল,আই,এস-এর মাধ্যমেও ফলাফল নিতে পারে। এন,এস,ও সরাসরি বাবা-মা/ অভিভাবকের কাছে ফলাফল প্রকাশ করে না।

এই অসুখের স্ক্রিনিং কি আরকিছু খুঁজে পাবে?

কখনো কখনো স্ক্রিনিং-এ এমন কোন অসুখ ধরা পরতে পারে যেগুলি যেসব অসুখের জন্য পরীক্ষা করা হচ্ছে তার বাইরে। এরকম কিছু যদি ধরা পড়ে, এ ব্যাপারে একজন বিশেষজ্ঞ আপনার সাথে আলাপ করবে। কিছু অসুখের স্ক্রিনিং-এ এটাও নির্ণয় হতে পারে যে আপনার শিশু বাহক (ক্যারিয়ার), যার আরেক নাম ট্রেট, কি না। বাহক শিশুরা সুস্থ এবং তাদের কোন বিশেষ চিকিৎসা প্রয়োজন হয় না। বাহক ফলাফল অনুরোধ করলে পাওয়া যায়। আপনার শিশুর বাহক ফলাফল কিভাবে পাবেন তার তথ্য এন,এস,ও ওয়েবসাইট-এ আছে। অথবা আপনার শিশুর স্বাস্থ্যসেবককে জিগ্যেস করুন।

আপনার শিশুর গোপনীয়তা ও বৈজ্ঞানিক তথ্য সুরক্ষা করা

নবজাতক স্ক্রিনিং অন্টারিও (এন,এস,ও) আপনার শিশুর রক্ত নমুনা এবং তথ্য, সংগ্রহণ ও ব্যবহার সম্পৃক্ত আইন অনুযায়ী নিয়মের মাধ্যমে নিরাপদ ও গোপনীয় রাখতে প্রতিবধ্য। এই নমুনা ব্যবহার করা যাবে স্বাস্থ্য সেবা প্রদানের জন্য, গুণ ও মান নিশ্চিত করার জন্য, এবং গবেষণার জন্য। বৈজ্ঞানিক স্বাস্থ্য তথ্য (পার্সোনাল হেলথ ইনফরমেশন, পি,এইচ,আই) যেসব স্বাস্থ্যসেবকগন নবজাতক স্ক্রিনিং ও ডাইয়াগনসিসের সাথে যুক্ত, তাদের সাথে আদানপ্রদান করা হয়, যাতে আপনার শিশুর প্রয়োজনীয় সঠিক যত্ন ও ফল-আপ নিশ্চিত করা যায়। পি,এইচ,আই, অন্টারিও ল্যাবরেটরিজ সিস্টেম (অ,এল,আই,এস)- এর সাথেও আদানপ্রদান করা হয়। এই তথ্য আদানপ্রদানের ব্যাপারে আপনার আপত্তি থাকলে, অনুগ্রহ করে আপনার স্বাস্থ্যসেবককে আপনার ইচ্ছা সম্পর্কে জানান, এবং/অথবা এন,এস,ও-এর সাথে যোগাযোগ করুন।

পরীক্ষা সম্পূর্ণ হলে, আপনার শিশুর নমুনা একটি সুরক্ষিত কেন্দ্রে সঞ্চিত করে রাখা হবে, আপনার শিশুর মেডিকাল রেকর্ডের অংশ হিসাবে। এটি ১৯ বছর সঞ্চিত রাখার পর ধংস করে ফেলা হবে। নমুনা সঞ্চিত রাখা হয় যাতে নবজাতক স্ক্রিনিং পরীক্ষার মান নিশ্চিত করা যায়। এতে আপনার শিশুর ও অন্টারিওর অন্য সব শিশুর লাভ হতে পারে। নমুনাটির আরেকটি সম্ভাব্য ব্যবহার হতে পারে অন্টারিও শিশু শ্রবণ পরীক্ষা প্রগ্রামের অংশ হিসাবে সম্প্রসারিত শ্রবণ স্ক্রিনিং। এটি একমাত্র আপনার সম্মতি সমেত করা হবে। আপনার শিশুর নমুনা ওর ডাক্তার ভবিষ্যতে বাড়তি পরীক্ষার জন্য ব্যবহার করতে পারে। নমুনাটি সঞ্চিত করে রাখার অর্থ এই যে প্রয়োজন হলে এটি সহজলভ্য। সঞ্চিত নমুনার অন্যান্য সম্ভাব্য ব্যবহার হতে পারে, আপনার অনুরোধে অন্য কোন ল্যাবরেটরিতে পরীক্ষা করা, নতুন ও উন্নত এন,এস,ও পরীক্ষা উন্নয়ন করা, এমন কোন ব্যবহার যার জন্য আইনত পরওয়ানা বা আদালতি আদেশ জারি করা হয়, এবং এমন গবেষণা যা গবেষণা নীতিশাস্ত্র বোর্ড অনুমোদন করেছে। সাধারণত নবজাতক স্ক্রিনিং নমুনার সাথে আপনার শিশুকে যুক্ত করা যায় এমন তথ্য আদানপ্রদান করা যায় একমাত্র আপনার লিখিত সম্মতি সহ, অথবা যদি আইনত ভাবে প্রয়োজনীয় হয়।

আপনার শিশুর নমুনা সঞ্চিত না রাখা যদি আপনার পছন্দ হয়, আপনি এন,এস,ও কে অনুরোধ করতে পারেন তা ধংস করে ফেলতে অথবা আপনার হাতে তুলে দিতে। আরো জানার জন্য অনুগ্রহ করে এন,এস,ও – তে যোগাযোগ করুন।

আরো তথ্যের জন্য

নবজাতক স্ক্রিনিং অন্টারিও সম্বন্ধে কোন প্রশ্ন থাকলে, অনুগ্রহ করে আপনার স্বাস্থ্যসেবকের সাথে আলাপ করুন, অথবা সরাসরি *নবজাতক স্ক্রিনিং অন্টারিও* -এর সাথে যোগাযোগ করুন।

ওয়েবসাইট

www.newbornscreening.on.ca

ফোন

কর মুক্ত: ১-৮৭৭-NBS-৮৩৩০

(১-৮৭৭-৬২৭-৮৩৩০)

সকাল ৮:০০ – বিকাল ৪:০০

ইমেইল

NSO@cheo.on.ca

ডাক

নবজাতক স্ক্রিনিং অন্টারিও
পূর্ব অন্টারিও শিশু হাসপাতাল
৪১৫ স্মিথ রোড
অটোয়া, অন্টারিও K1H 8M8

Newborn Screening Ontario
Children's Hospital of Eastern Ontario
415 Smyth Road
Ottawa, Ontario K1H 8M8

ইউ টিউব

[Youtube.com/user/NBSOntario](https://www.youtube.com/user/NBSOntario)

টুইটার

[@NBS_Ontario](https://twitter.com/NBS_Ontario)